

কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি মাইনর - ৩.১

বিষয় : মধ্যযুগের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

৭.৫×৪=৩০

১ক. বৈষ্ণব পদসাহিত্যের যে কোনো দুটি রচনা উল্লেখ করে তাদের বিষয়বস্তু বুঝিয়ে দাও। ভক্তিরসের কোন পর্বে তাদের তুমি রাখবে তা জানাও।

৬+১.৫=৭.৫

(অথবা)

১খ. অদীক্ষিত পাঠকের কাছে শাক্ত পদাবলির প্রধান আবেদন তার আগমনী ও বিজয়া পর্বের গানগুলিই। তোমার পাঠ্য দুটি গানের প্রসঙ্গ আলোচনা করে কেন সেগুলি চিত্তাকর্ষক বুঝিয়ে দাও। ৭.৫

২ক. ‘কৃতিবাসের রাম ভক্তবৎসল রাম। ... এ রামায়ণে ভক্তিরই লীলা।’ কৃতিবাসের কাব্যের ‘লঙ্কাকাণ্ড’কে সামনে রেখে তুমি এই মন্তব্যকে কতদূর সমর্থন কর? যুক্তিসহ আলোচনা করো। ৭.৫

BNG-1168

[Turn Over]

(২)

(অথবা)

২খ. বাল্মীকি রামায়ণ থেকে কৃতিবাসী রামায়ণ বেশ কিছু জায়গায় পৃথক হয়ে গেছে। কৃতিবাসের কাব্যের ‘লঙ্কাকাণ্ড’ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। এই পার্থক্যের কারণ কী হতে পারে বলে তুমি মনে কর? ৫+২.৫=৭.৫

৩ক. মৌলিকতা প্রকাশের সীমিত সুযোগ সত্ত্বেও মুকুন্দ চক্রবর্তী প্রণীত চণ্ডীমঙ্গল কাব্যটি সমকালকে অতিক্রম করে কীভাবে উপন্যাসের সম্ভাবনাকে ধারণ করেছে আলোচনা করো। ৭.৫

(অথবা)

৩খ. অপ্রধান ‘টাইপ’ (নির্বিশেষ) চরিত্র সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তী যে স্বকীয়তার পরিচয় দিয়েছেন তা চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে আলোচনা করো। ৭.৫

৪ক. কবির নামসহ মধ্যযুগের বাংলার গুরুত্বপূর্ণ প্রণয়োপাখ্যানগুলি উল্লেখ করো। এই রোমান্টিক প্রণয়োপাখ্যানগুলির সাধারণ উপাদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১.৫+৬=৭.৫

(অথবা)

৪খ. সামাজিক অনুশাসনের ছবি ‘ময়মনসিংহ গীতিকা’র পরিণতিকে নিয়ন্ত্রণ করেছে। ‘মহুয়া’ পালার প্রেক্ষিতে মন্তব্যটি আলোচনা করো। ৭.৫

★ ★ ★

BNG-1168

XX24(113)—50